



সাংবাদিক বৈঠকে পস্টিগা-নিজস্ব চিত্র

সময় নিয়েই মাঠে ফিরতে চান পস্টিগা

নিজস্ব সংবাদদাতা: ভাড়াছড়ো নয়, বরং পুরো সুস্থ হয়ে মাঠে ফিরতে চান তিনি। বৃহস্পতিবার দুপুরে মধ্য কলকাতার হোটলে এটিকে-র মার্কি ফুটবলার হেন্ডার পস্টিগা বললেন, “মাঠে ফিরতে আরও দেড় সপ্তাহ মতো লাগবে। তবে আমি সুস্থ হয়েই মাঠে ফিরতে চাই।”

পর্তুগিজ ফরোয়ার্ডের কথাতেই স্পষ্ট, তাকে অসুস্থ আরও কয়েকটা ম্যাচে পাবে না আটলেটিকো কলকাতা। তবে স্বস্তি একটাই। তাঁর চোট গুরুতর নয়। এ দিন পস্টিগা বলেন, “গত বারের চোটের সঙ্গে এ বারের চোটকে মেলালে চলবে না। দু’টো একেবারে আলাদা। এ বার অত গুরুতরও নয়। পাঁজরে লেগেছে। এই চোটের সমস্যা হল, এই মুহূর্তে হয়তো সুস্থ মনে হচ্ছে। কিন্তু কিছুক্ষণ পরেই আবার ব্যথা হবে। তাই কোনও ভাড়াছড়ো নয়। পুরো চোট সারিয়েই মাঠে নামব।”

চলতি আইএসএল-এ এখনও পর্যন্ত পস্টিগার মাঠে থাকার সময় সাকুল্যে ১০২ মিনিট। টিমে তাঁর প্রত্যাবর্তন নিয়ে যেয়াশা থাকলেও জিনি ম্যারাথন লিগের আইএসএলকে সমর্থন করলেন। তাঁর কথায়, “এই টুর্নামেন্ট ভারতীয় ফুটবলকে নতুন দিশা দেখাচ্ছে। প্রচুর ভারতীয় ফুটবলার উঠে আসছে। আমার মতে, আইএসএলকে যদি আরও লম্বা লিগ করা হয় তাতে এ দেশের ফুটবলই উপকৃত হবে।” আবার তিনি এটাও মনে করেন, এটিকেতে হারাসের তুলনায় মলিনার আমলে বেশি স্বদেশি ফুটবলার উঠে এসেছে। পস্টিগা বললেন, “আমাদের এ বারের টিমে ভাল ভারতীয় ফুটবলারের সংখ্যা অনেক বেশি। আমার বিশ্বাস আইএসএলের পরে ওদের ভারতীয় ফুটবলে কাজে লাগানো যাবে।”

তবে মলিনার আমলে স্বদেশিদের প্রশংসা করলেও নতুন কোচের নতুন পদ্ধতিতে মানিয়ে নিতে তাঁদের যে অসুবিধে হচ্ছে, সেটা স্বীকার করে নিলেন প্রীতম কোটাল। এ দিন পস্টিগার সঙ্গে সাংবাদিক সম্মেলনে এসেছিলেন তিনিও। আর সেখানে তাঁর যুক্তি, “তখন কোচের পদ্ধতির পরিবর্তন